

ন মূ ন া চ ি ঠ ি

প্রিয় পিতামাতা বা অভিভাবক:

2015-2016 স্কুলবছরে আপনার সন্তানকে স্বাস্থ্য পরিশেবা (যেমন ওষুধ) এবং/অথবা ১৯৭৩ সালের পুনর্বাসন আইনের আওতায় ৫০৪ ধারার আওতায় সংস্থান লাভের অনুমোদন দেয়া হয়েছিল। স্বাস্থ্য পরিশেবা এবং ৫০৪ ধারা সংস্থানের বিধান অনুসারে প্রত্যেক স্কুলবছরের জন্য একটি নতুন অনুমোদন দরকার হয়। স্কুলে আপনার সন্তানের এই পরিশেবা এখনও প্রয়োজন, সে যেনো উপযুক্ত পরিশেবা লাভ করতে পারে, সেটা নিশ্চিত করতে এই রি-অথরাইজেশন (পুনরায় অনুমোদন) আবশ্যিক। হালনাগাদকৃত অনুমোদন ফরম নিশ্চিত করে যে আপনার পারিবারিক চিকিত্সক কর্তৃক নির্দেশিত যথোপযুক্ত ডাক্তারি চিকিত্সা আপনার সন্তান পাচ্ছে এবং চিকিৎসা পদ্ধতি, ডোজ-এর পরিমাণ, পার্শ্বপ্রতিক্রিয়া, ইত্যাদি গত বছর থেকে এখন পর্যন্ত সময়কালে পরিবর্তিত হয়নি। পরিশেবা প্রদানকারীরা যাতে উপযুক্ত পরিশেবা প্রদানে সক্ষম হতে পারেন, সেজন্য এই তথ্য আবশ্যিকও বটে।

যেহেতু বছরের এই সময়ে অনেক পিতামাতা তাদের সন্তানের বার্ষিক এবং ক্যাম্প শারীরিক পরীক্ষার সময় ঠিক করেন, আমরা আপনাদেরকে উত্সাহিত করছি আসন্ন স্কুল বছরের জন্য প্রস্তুতি গ্রহণ করতে এবং প্রয়োজন হলে আপনাদের সন্তানের স্বাস্থ্য পরিশেবা প্রদানকারীদের দিয়ে ২০১৬-২০১৭ স্কুল বছরের জন্য সংশ্লিষ্ট ফরম পূরণ করিয়ে নিতে।

সেই লক্ষ্যে অনুগ্রহ করে আপনার পারিবারিক চিকিত্সককে দিয়ে সংশ্লিষ্ট হেলথ সার্ভিসেস (স্বাস্থ্য পরিশেবা) এবং/অথবা সেকশন ৫০৪ অ্যাকোমোডেশন (বাড়তি সুবিধা) ফরম স্পষ্টভাবে পূরণ ও সই করিয়ে নেবেন।

আপনার সন্তানকে যাতে সহজেই শনাক্ত করা যায়, সেজন্য অনুগ্রহ করে মেডিকেশন ফরম-এর উপরে বাম কোণে সম্প্রতি তোলা একটি ক্ষুদ্র ছবি সংযুক্ত করবেন।

আপনার সন্তানের স্কুলে অথরাইজেশন (অনুমোদন) ফরম স্কুলের শেষ দিনের আগে কিংবা সামার-এর ছুটির সময় নিচের ঠিকানায় জমা দেওয়া যাবে:

নতুন স্কুল বছরের শুরুতে নিয়মানুযায়ী সার্ভিস-প্রাপ্তি শুরুর নিশ্চয়তা পেতে অনুগ্রহ করে পূরণকৃত ফরম ২৯ জুলাই, ২০১৬ তারিখের মধ্যে জমা দিতে হবে।

বিশ্বস্ত,